# দ্বিতীয় অনুরোধপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০১০.২০-৪৩২

তারিখঃ ২১ অগ্রহায়ণ, ১৪২৭ / ০৬ডিসেম্বর, ২০২০

বিষয়টিঃ রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ এর বিরুদ্ধে আপিল দায়েরের হালনাগাদ তথ্যাদি অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে রায়/আদেশ। .
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০১০.২০-৩৫৪, তারিখ: ১০/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানসমূহ)-এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০ (সংশোধিত, ২০১৩)" এর সকল শর্ত পূরণ থাকা সত্ত্বেও এমপিওভুক্ত না করায় কর্মরত স্ব-স্ব প্রতিষ্ঠানে এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন নরিয়াল দারুল হাদিস ইসলামিয়া দাখিল মাদ্রাসা (আলিম প্রস্তাবিত) এর সহকারী সুপার জনাব আবু তালহা মুহাম্মাদ আজিজুর রহমান গং (০৭ সাত) জন কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলা দায়ের করা হয়।

২। উক্ত রিট মামলার মোট ০৭ (সাত) জন পিটিশনারের মধ্যে শুধুমাত্র ০১ নং পিটিশনার জনাব জনাব আবু তালহা মুহাম্মাদ আজিজুর রহমান মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের। বাকী ০৬ (ছয়) জন পিটিশনার বিচ্ছিন্ন সাধারণ স্কুল ও কলেজের যা মাউশি বিভাগ সংশ্লিষ্ট।

৩। রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ সরকারের বিপক্ষে ঘোষিত হয়। উক্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

"In the result, the Rule is disposed of, The respondents are hereby directed to enlist the name of the petitioners in the Monthly Pay Order (MPO) from the date of their joining within 1 (one) month on receipt of this order without any fail".

৪। যেহেতু মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ সরকারের বিপক্ষে ঘোষিত হয়েছে এবং উক্ত রায়ের সাথে সরকারের আর্থিক সংশ্লেষ রয়েছে এবং আলোচ্য মামলাভুক্ত প্রতিষ্ঠানগুলো মাদ্রাসা অধিদপ্তর সংশ্লিষ্ট সেহেতু এ রায়ের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরকার পক্ষে আপিল দায়ের করা আবশ্যক মর্মে টিএমইডি হতে সূত্রোক্ত (২) স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু উক্ত পত্রের জবাব পাওয়া যায়নি।

৫। ইতোমধ্যে পিটিশন কর্তৃক উক্ত রিট মামলার রায়ের কপি সংযুক্ত করে দাখিলকৃত আবেদনে উল্লেখ করেন যে "আমি ১৪/৫/২০১৩ তারিখ সহকারী সুপারিনটেনডেন্ট পদে নিয়োগপ্রাপ্ত হইয়া ১৬/৫/২০১৩ খ্রি. তারিখে যোগদান করি। তৎপরবর্তীতে মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করে এমপিওভুক্ত করা হয় নাই। পরবর্তীতে আমি এমপিওভুক্তির নির্দেশনা চেয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪৮১/২০২০ মামলা দায়ের করি"।

৬। কিন্তু নথিদৃষ্টে দেখা যায় যে, পিটিশনার এম এমপিওভুক্তির আবেদন জেলা শিক্ষা অফিসার, রাজশাহী কর্তৃক ০৯/৭/০১৩ তারিখে এবং মাউশিঅ এর ফরমে প্রতিষ্ঠান হতে ০২/১২/২০১৬ তারিখে আবেদন ডিজি, মাউশিঅ বরাবর প্রেরণ করা হয়েছে। তাছাড়া মন্ত্রণালয় বিভক্ত হওয়ার পরেও পিটিশনার কর্তৃক এমপিওভুক্তির জন্য গত ১২/০১/২০২০ খ্রি. তারিখে সচিব, মাউশি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করা হয়েছে মর্মে দেখা যায়।

৭। পিটিশনার কর্তৃক আবেদনে উল্লিখিত এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন মর্মে তথ্যের অনুকূলে কোন প্রমাণক আবেদনের সাথে সংযুক্ত করা হয়নি।

৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ এর বিরুদ্ধে সরকার পক্ষে আপিল দায়ের করা হয়েছে কিনা? আপিল দায়ের করা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে বিলম্বের কারণ উল্লেখপূর্বক জরুরীভিত্তিতে আপিল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে (প্রমাণকসহ) গত ২২/১১/২০২০ তারিখের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছিল কিন্তু অদ্যাবধি তথ্য পাওয়া যায়নি বিধায় আগামি ১৫/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে তথ্যাদি (প্রমাণকসহ) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে **দ্বিতীয়বার** অনুরোধ করা হলো।

০৭/১২/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):
১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাষ্টার কপি।